

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৮৮

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

القصل الاول

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «هَلَكَةُ أُمَّتِي عَلَى يَدَي غِلْمةٍ مِنْ قُرْيشٍ» . رَوَاهُ البُخَارِيّ

رواه البخارى (3605) ـ (صَحِيح)

বাংলা

৫৩৮৮-[১০] আবূ হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন : কুরায়েশের কতক যুবকের হাতেই আমার উম্মতের ধ্বংস নিহীত। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৭০৫৮, মুসনাদে আহমাদ ৮২৮৭, সহীহুল জামি ৭০৩৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে উম্মতের ধ্বংস দ্বারা সাহাবায়ি কিরামের জামা'আতকে বুঝানো হয়েছে। হাদীসে (غِلْمةِ)
দ্বারা কিছু সংখ্যক যুবক উদ্দেশ্য- প্রথমত উসমান (রাঃ)-এর বিরোধী পক্ষ, দ্বিতীয়ত 'আলী ও হুসায়ন (রাঃ) -এর
বিরোধী পক্ষ উদ্দেশ্য। (মিরক্বাতুল মাফাতীহ, আল জামি' আস্ সগীর ২য় খণ্ড, পৃ. ৫৬৯, হা. ৯৫৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন